গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা।

স্মারক নং ঃ ০৫.৪২.১৯৩৩.০০১.০০.০০১.২০২১- ৪২২ তারিখ ঃ ০৮ জুলাই, ২০২১ খ্রিঃ।

## অস্থায়ী পশুর হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের ০৮জুলাই, ২০২১ খ্রিস্টাব্দের ০৫.৪২.১৯০০.০০৯.৪১.০১৩.১৭.৬৫ নং স্মারকের নির্দেশনা মোতাবেক পবিত্র ঈদ-উল আযহা/২০২১ উপলক্ষে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলাধীন নিম্নলিখিত অস্থায়ী গরু ছাগলের হাটসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে আগ্রহী ইজারাদার/ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। ইজারা গ্রহনে আগ্রহী/ইচ্ছুক ব্যক্তিগন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এবং সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা হতে বাজারের পার্শ্বে উল্লিখিত অফেরৎযোগ্য মূল্যে দরপত্র ক্রয় করতে পারবেন।

### সময়সূচী

| পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ | ১২.০৭.২০২১ খ্রিঃ<br>বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ১৩.০৭.২০২১ খ্রিঃ<br>দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের দিনই বিকাল ০৩.০০ ঘটিকার সময় দরদাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা ও বাচাই করা হবে। |
| ২ | ১৪.০৭.২০২১ খ্রিঃ<br>বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ১৫.০৭.২০২১ খ্রিঃ<br>দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |

উপরে উল্লিখিত প্রতি পর্যায়ের পর দরপত্র যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে হাট-বাজার ইজারা প্রদান করা হবে। প্রতি পর্যায়ের শেষে যে সকল হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হবে না (নিম্নস্বাক্ষরকারীর অফিস ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে) সে সকল হাট-বাজার ইজারার ক্ষেত্রে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহণ করা যাবে। এবিষয়ে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

**পবিত্র ঈদ-উল আযহা/২০২১ উপলক্ষে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলাধীন অস্থায়ী গরু ছাগলের হাট এর তালিকা,সরকারী ইজারামূল্য ও সিডিউল মূল্যঃ-**

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | কাংখিত সরকারি মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সুয়াগঞ্জ অস্থায়ী পশুর হাট | ৪৬,৫৫০/- | ৫০০/- | |
| ০২ | পিপুলিয়া অস্থায়ী পশুর হাট | ৪,২৪০/- | ৫০০/- | |
| ০৩ | একবালিয়া অস্থায়ী পশুর হাট | ৫,৮৮০/- | ৫০০/- | |
| ০৪ | লালবাগ অস্থায়ী পশুর হাট | ৫,৮৫০/- | ৫০০/- | |
| ০৫ | কোটবাড়ী মুড়া অস্থায়ী পশুর হাট | ৭,৯২০/- | ৫০০/- | |
| ০৬ | যশপুর অস্থায়ী পশুর হাট | ৬,৮১০/- | ৫০০/- | |
| ০৭ | লক্ষীপুর অস্থায়ী পশুর হাট | ৮৬,৫২০/- | ৫০০/- | |
| ০৮ | চেম্বার বাজার অস্থায়ী পশুর হাট | ৫,৮৮০/- | ৫০০/- | |
| ০৯ | কনেশতলা অস্থায়ী পশুর হাট | ৪,৬২০/- | ৫০০/- | |
| ১০ | কালির বাজার অস্থায়ী পশুর হাট | ৭,৭০০/- | ৫০০/- | |
| ১১ | মথুরাপুর অস্থায়ী পশুর হাট | ১,৯৫০/- | ৫০০/- | |
| ১২ | চাঁদপুর অস্থায়ী গরু ছাগলের হাট | ৪২,১০০/- | ৫০০/- | |
| ১৩ | বিজয়পুর অস্থায়ী গরু ছাগলের হাট | ১১,৭২০/- | ৫০০/- | |
| ১৪ | দূর্গাপুর অস্থায়ী গরু ছাগলের হাট | ১২,৭৫০/- | ৫০০/- | |
| ১৫ | সানন্দা অস্থায়ী গরু ছাগলের হাট | ৩,৬৮০/- | ৫০০/- | |
| ১৬ | লালমতি উত্তর পাড়া অস্থায়ী গরু ছাগলের হাট | ৪,২০০/- | ৫০০/- | |
| ১৭ | জোড়পুষ্করিনি অস্থায়ী গরু ছাগলের হাট | ৬,৩০০/- | ৫০০/- | |
| ১৮ | দক্ষিণ সিন্দুয়া অস্থায়ী গরু ছাগলের হাট | ৫,২৫০/- | ৫০০/- | |
| ১৯ | কিং বামিশা অস্থায়ী গরু ছাগলের হাট | ৪,২০০/- | ৫০০/- | |
| ২০ | লামপুর অস্থায়ী গরু ছাগলের হাট | ৫,২৫০/- | ৫০০/- | |
| ২১ | শীষপুর অস্থায়ী গরু ছাগলের হাট | ৪,২০০/- | ৫০০/- | |
| ২২ | কৃষ্ণপুর অস্থায়ী গরু ছাগলের হাট | ৭২,১০০/- | ৫০০/- | |
| ২৩ | খাস খামার অস্থায়ী গরু ছাগলের হাট | ৫,২৫০/- | ৫০০/- | |
| ২৪ | বড় ধর্মপুর অস্থায়ী গরু ছাগলের হাট | ৪,২০০/- | ৫০০/- | |
| ২৫ | ধর্মপুর অস্থায়ী গরু ছাগলের হাট | ৪,২০০/- | ৫০০/- | |
| ২৬ | উত্তর সিন্দুয়া চৌমুহনী অস্থায়ী গরু ছাগলের হাট | ৪,২০০/- | ৫০০/- | |

**'শর্তাবলী"**

০১। প্রতিটি হাটের প্রবেশ পথে "মাস্ক ব্যতীত প্রবেশ নিষেধ এবং " No Mask, No Entry & No Mask, No Sale" এ লেখাটি ব্যানারে লিখে প্রয়োজনীয় সংখ্যক স্থানে সাঁটানোর ব্যবস্থা গ্রহণপূর্বক ব্যপক প্রচারসহ উপস্থিত সকলকে মাস্ক পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে;

০২। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ১০০% অর্থ (সমূদয়), ভ্যাট ১৫%, আয়কর ৫%, জামানত ৫%সহ মোট ১২৫% অর্থ ব্যাংক ড্রাফের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে;

০৩। কোরবানীর পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইডলাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে;

০৪। সড়ক/মহাসড়কের ওপর বা সন্নিকটে কোন ক্রমেই পশুর হাট বসানো যাবে না। এ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৫। কোরবানীর পশুর হাটে ক্রেতা-বিক্রেতার একমুখী চলাচল থাকতে হবে। অর্থাৎ প্রবেশ পথ এবং বহির্গমনের পথ পৃথক হতে হবে। পাশাপাশি সকলে যাতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে, তা নিশ্চিত করতে হবে। ক্রেতা-বিক্রেতা প্রত্যেকের হাটের প্রবেশ মুখে তাপমাত্রা মাপার যন্ত্র এবং হাত ধোয়ার জন্য পর্যাপ্ত বেসিন, পানি, জীবাণুনাশক সাবান থাকতে হবে;

০৬। পশুর হাটে প্রবেশকারী সকলকে সামাজিক দূরত্ব অনুযায়ী সুশৃঙ্খলভাবে লাইনে দাঁড়ানো, ভিতরে সাড়িবদ্ধভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে প্রবেশ ও বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে। ভীড় এড়াতে পবিত্র ঈদ উল আযহার ২/১ দিন পূর্বে পশু ক্রয়ের পরিবর্তে সময় হাতে রেখে পশু ক্রয়কে উৎসাহিত করতে হবে। পশুর হাটে পশুর ও ক্রেতার মধ্যে দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে হবে। বৃদ্ধ ও শিশুদেরকে পশুর হাটে প্রবেশ নিরুৎসাহিত করতে হবে।

০৭। অস্থায়ী পশুর হাট স্থাপন বা ইজারা প্রদান বা মালিকানার বিষয়ে বিজ্ঞ আদালতে কোন মামলা মোকদ্দমা সংক্রান্ত আইনগত জটিলতা থাকতে বিজ্ঞ আদালতের সর্বশেষ আদেশ বাস্তবায়ন করতে হবে;

০৮। কোভিড-১৯ এর ডেল্টা ভ্যারিয়েন্ট এর সংক্রমণ প্রতিরোধে বাংলাদেশের সীমান্তবর্তী সকল স্থানে অবৈধভাবে ভারতীয় গরুর ক্রয়-বিক্রয় এবং জনচলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করা এবং পশুর হাটসমূহে নগদ টাকার লেনদেন হওয়ায় হাটসমূহে ক্রেতা বিক্রেতাগণকে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করতে হবে;

০৯। কোভিড-১৯ মহামারীর মধ্যে পশুর হাটে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করার লক্ষ্যে জনগনকে উদ্বুদ্ধ করার জন্য টিভিসি প্রচার অব্যাহত রাখতে হবে;

১০। সকল পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারি চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করা এবং কোরবানীর পশুর হাটে জাল নোট সনাক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১১। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাবলীজ) দিতে পারবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপ বা চুক্তি পত্রের কোন শর্ত লংঘন করা হয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায় তবে তার ইজারা বাতিল বলে গণ্য হবে এবং উক্ত হাটবাজারটি পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। ইজারাদারকে সরকার কর্তৃক অনুমোদিত রেটে টোল আদায় করতে হবে।

১৩। দরপত্রের টাকা অংকে এবং কথায় লিখতে হবে। কোন প্রকার ক্রটিযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না।

১৪। কর্তৃপক্ষ কোন কারণদর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ দর গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

শুভাশিস ঘোষ
উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং ঃ ০৫.৪২.১৯৩৩.০০১.০০.০০১.২০২১- 822/১(২০) তারিখ ঃ ০৮ জুলাই, ২০২১ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা
০৩। সহকারী কমিশনার (ভূমি), কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা কার্যালয়ের নোটিশ বোর্ড।
০৪। উপজেলা ...............................অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা
০৫। অফিসার ইনচার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা।
০৬। সাব-রেজিস্ট্রার, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা।
০৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা।
০৮। চেয়ারম্যান ..................ইউনিয়ন পরিষদ(সকল), কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা। মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...............(সকল) কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা। সংশিষ্ট এলাকায় মাইক যোগে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। সভাপতি/সম্পাদক, .......................................... বাজার কমিটি, কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা।
১১। নোটিশ বোর্ড......................(সকল) অফিস।

শুভাশিস ঘোষ
উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা